গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.১৮.০৩৮.২০.১০৮৬ তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩২ / ২৩ জুলাই ২০২৫

**বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল ও দ্রুত বিচার ট্রাইব্যুনালে প্রসিকিউশনকে আইনী সহায়তা প্রদানের ক্ষমতা অর্পণ সংক্রান্ত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখার স্মারক নম্বর ০৫.০০.০০০০.১৪৬.০০.০৪৬.১৭-৭৪২, তারিখ ১৮/১২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, উপরিক্ত সূত্রে বর্ণিত প্রজ্ঞাপনমূলে এ্যাডভোকেট জনাব এহসানুল হক সমাজী (অ্যাটর্নি জেনারেলের সমমর্যাদার সুবধিাপ্রাপ্ত)-কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের "Special Prosecutorial Adviser" হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। ইতিমধ্যে সরকার দেশের বিভিন্ন জেলায় চলমান ধর্ষণ ও ধর্ষণজনিত হত্যা মামলাসমূহকে অধিকতর জনগুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, এ্যাডভোকেট জনাব এহসানুল হক সমাজী (অ্যাটর্নি জেনারেলের সমমর্যাদার সুবিধাপ্রাপ্ত), "Special Prosecutorial Adviser", স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সকল জেলায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল এবং দ্রুত বিচার ট্রাইব্যুনালে জনগুরুত্বপূর্ণ মামলাসমূহে বিচারিক আদালতে প্রসিকিউশনের চাহিতমতে আইনী সহায়তা প্রদানের জন্য দায়িত্ব ও ক্ষমতা প্রদান করা হলো।

স্বা/.
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd

এ্যাডভোকেট জনাব এহসানুল হক সমাজী
Special Prosecutorial Adviser
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.১৮.০৩৮.২০.১০৮৬ /১(১০) তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩২ / ২৩ জুলাই ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল........................... (সকল)।
৪. বিচারক (জেলা ও দায়রা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল................................ (সকল)।
৫. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. উপসচিব, চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৭. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৮. পাবলিক প্রসিকিউটর, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.................................... (সকল)।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।

২৩/০৭/২৫
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব